

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

নং-২০.০০.০০০০.৩০৯.২৮.৩৭০.১৫- ২৩২৮

তারিখঃ ০২ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ  
১৭ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ গবেষণা কর্মকর্তা এবং অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদে ০৫ ক্যাটাগরির গবেষণা যথা: এমফিল, পিএইচডি, ফেলোশীপ, প্রমোশনাল ও প্রাতিষ্ঠানিক এর বিপরীতে আর্থিক মঞ্জুরিসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া সেমিনার/কর্মশালা আয়োজন, প্রশিক্ষণের জন্য আর্থিক মঞ্জুরি প্রদান, আন্তর্জাতিক জার্নাল প্রকাশ, বাজেট প্রণয়ন, সভা আহ্বান, যানবাহন রক্ষণাবেক্ষণ, ক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনা, AASSREC এর বার্ষিক চাঁদা প্রদানসহ আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণ এবং বিভিন্ন পত্রের বিষয়ে মতামত প্রেরণসহ বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়। এ কার্যক্রমসমূহ পরিচালনার জন্য আরো গবেষণা কর্মকর্তা এবং অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রয়োজন। উল্লেখ্য অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকের ৫টি পদের মধ্যে ৪টি পদ শূন্য রয়েছে।

এমতাবস্থায়, পরিষদের কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নব নিয়োগপ্রাপ্ত গবেষণা কর্মকর্তাকে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদে পদায়ন/সংযুক্তি এবং ৪টি শূন্য পদের বিপরীতে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: অনুমোদিত নোটের কপি।

(ড. উত্তম কুমার দাশ) ২৩/১০/১৭  
সহকারী পরিচালক (উপসচিব)  
ফোনঃ ৯১৮০৫৯৮

সচিব  
পরিকল্পনা বিভাগ, ঢাকা।  
[দৃষ্টি আকর্ষণ: যুগ্ম-সচিব (প্রশাসন)]

অনুলিপিঃ

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব-৩ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং..... তারিখঃ.....
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা